২৫. ৪টি পরাগ মাড়কোষ থেকে মিয়োসিস বিভাজনের পর কতটি পরাগরেণু তৈরি হবে?

- K ২ L ৪
M ৮ N ১৬

রাজশাহী বোর্ড ২০২১


বিষয় কোড : 178


সময়-২৫ মিনিট


জীববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫


[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. মাইটোসিসের কোন পর্যায়ে ক্রোমোসোমগুলোকে ইংরেজি বিভিন্ন অক্ষরের মত দেখায়—
K প্রোফেজ L মেটাফেজ
M অ্যানাফেজ N টেলোফেজ
 ২. সাইটোকাইনিসের বৈশিষ্ট্য হলো—
i. নিউক্লিয়াসের বিভাজন
ii. সাইটোপ্লাজমের বিভাজন
iii. কোষের সংখ্যা বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
 ৩. প্রাণীকরণ কোন উপপরিষয়ে ঘটে?
K জাইগোটিন
L প্যাকাইটিন
M ডিপ্লোটিন
N ডায়াকাইনেসিস
 ৪. কোনটি নগ্নবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য?
K দ্বি-নিষেক ঘটে
L জাইলেম টিস্যুতে সত্যিকার ভেসেল কোষ থাকে
M অসম আকৃতির জনুক্রম বিদ্যমান
N ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ থাকে
 ৫. সাইকাসের পাতা কয় ধরনের?
K ১ L ২
M ৩ N ৪
- 
৬. চিত্রের অমরাবিন্যাস দেখা যায় নিচের কোন উদ্ভিদে?
K স্থলপদ্মে L বাঁশে
M বার্লি N লেমন ঘাসে
 ৭. Poaceae গোত্রের বৈশিষ্ট্য হলো—
i. পুষ্পপত্রের সংখ্যা ৩ বা এর গুণিতক
ii. দলমণ্ডল টুইস্টেড
iii. জগমুকুল পার্শ্বীয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii
 ৮. নিচের কোনটিতে পিচ্ছিল পদার্থ পাওয়া যায়?
K লেমন ঘাস L মেস্তাপাট
M গম N ইক্ষু
 ৯. কোষ বিভাজন অনুসারে ভাজক টিস্যু কত প্রকার?
K ২ L ৩
M ৪ N ৫

১০. বিশেষ ধরনের বহুকোষী ট্রাইকোমকে কী বলে?
K কোলেটার্স L শঙ্ক
M ব্লাডার N স্টোম্যাটা
 ১১. বদ্ধ সমপার্শ্বীয় ভাস্কুলার বাভল পাওয়া যায় নিচের কোন উদ্ভিদ কাণ্ডে?
K ভূট্টা L ঢেঁড়স
M বেগুন N টমেটো
- 

চিত্র-A
১২. A চিত্রের বৈশিষ্ট্য হলো—
i. ভাস্কুলার বাভল অরীয়
ii. জাইলেম এন্ডার্ক
iii. জাইলেম এন্ডার্ক
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
- 

A
১৩. A চিহ্নিত অংশকে কী বলা হয়?
K বায়ু গহ্বর L ট্র্যাকিড
M পানি গহ্বর N এপিথেম
 ১৪. গ্রাউন্ড টিস্যু—
i. একাধিক টিস্যু দ্বারা গঠিত
ii. পেরিডেম ভাজক টিস্যু থেকে উৎপন্ন
iii. বহিরাবরণ সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
 ১৫. নিচের কোনটি C₄ উদ্ভিদ?
K ধান L গম
M ইক্ষু N আম
 ১৬. গ্লাইকোলাইসিস কোষের কোথায় ঘটে?
K মাইটোকন্ড্রিয়ায়
L ক্লোরোপ্লাস্টে
M রাইবোজোমে
N সাইটোপ্লাজমে
 ১৭. নিচের কোনটি নীল বর্ণের রঞ্জক পদার্থ?
K ফাইকোসায়ানিন L ফাইকোইরিথ্রিন
M ক্যারোটিন N জ্যান্থোফিল
 ১৮. জগকে পুষ্টি দান করে কোনটি?
K ট্যাপেটাম L এন্ডোস্পার্ম
M নিউসেলাস N জগথলি

১৯. অর্ধবায়বীয় কাণ্ড দ্বারা অঙ্গজ প্রজনন হয় কোনটির?
K শতমূলী L পুদিনা
M আখ N কচুরীপানা
 ২০. পত্ররঞ্জের খোলা ও বন্ধ হওয়াকে নিয়ন্ত্রণ করে—
i. স্টার্চ
ii. pH
iii. Na⁺
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
 ২১. নিষ্ক্রিয় পরিশোধণ মতবাদ হলো—
K লুনডেগড মতবাদ
L লেসিথিন বাহক মতবাদ
M প্রোটিন অ্যানায়ন কেট্রাপোর্ট মতবাদ
N ডোন্যান সাম্যাবস্থা
 ২২. ATP তৈরির প্রক্রিয়াকে বলা হয়—
i. ফটোলাইসিস
ii. ফটোফসফোরাইলেশন
iii. ফটোসিস্টেম
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
 ২৩. সরিষাতে নিম্নলিখিত কোন প্রকারের ডিম্বক দেখা যায়?
K উর্ধ্বমুখী L নিম্নমুখী
M পার্শ্বমুখী N বক্রমুখী
 ২৪. নিষেকের ফলে—
i. প্রজাতির ক্রোমোসোম সংখ্যার স্থিরতা রক্ষা হয়
ii. নতুন প্রজাতি সৃষ্টির সম্ভাবনা থাকে না
iii. অধিক ফলনশীল ও সহনশীল ফসল উৎপন্ন হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
- 

A
২৫. 'A' চিহ্নিত অংশ থেকে জগ সৃষ্টির প্রক্রিয়াকে বলে—
K অ্যাপোস্পারি
L অ্যাপোগ্যামি
M অ্যান্ড্রোজেনেসিস
N পার্থেনোজেনেসিস

যশোর বোর্ড ২০২১

বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ষসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. ফার্মেন্টেশন প্রক্রিয়ায় নিম্নের কোন

এনজাইমটি সবচেয়ে বেশি ক্রিয়াশীল হয়?

- K জাইমেজ L কাইনেজ
M আইসোমারেজ N হাইড্রোজিনেজ



চিত্র-C



চিত্র-D

উপরের চিত্রের আলোকে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :

২. উদ্ভীপকের চিত্র 'C' এর 'Y' এর ক্ষেত্রে প্রযোজ্য—

- i. সরল
ii. উপপত্রযুক্ত
iii. লিগিউলবিশিষ্ট

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৩. উভয় উদ্ভীপকের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

- K বীজ উৎপন্ন করে
L দ্বি-নিষেক ঘটে
M এডোস্পার্ম ট্রিপ্লয়েড
N আর্কিগোনিয়াম উপস্থিত

৪. নিচের কোন বাক্যটি সঠিক?

- K ভাজক টিস্যুর কোষগুলোর বিপাকীয় হার কম
L জাইলেম ও ফ্লায়েম এক ধরনের ভাজক টিস্যু
M মূলের বহিরাবরণকে এপিডার্মিস বলে
N কাণ্ডের জাইলেম বিন্যাস এন্ডার্ক

৫. নিচের কোনটি C₄ উদ্ভিদ?

- K আম L ভুট্টা
M কাঁঠাল N ধান

৬. জবা ফুলের দলমণ্ডলের বিন্যাস নিচের কোনটি?

- K ওপেন L ভালভেট
M টুইস্টেড N ইমব্রিকেট

৭. ভাস্কুলার বান্ডল এর সংখ্যা ৬ এর অধিক নিচের কোন উদ্ভিদের মূলে দেখা যায়—


- i. কচু
ii. ভুট্টা
iii. কলাবতী

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৮. ক্যালভিন চক্র বায়ুস্থ CO₂ ক্রোমোপ্লাস্টের স্ট্রোমাতে প্রবেশ করে কয় কার্বনবিশিষ্ট যৌগের সাথে যুক্ত হয়?

- K ৩ L ৪
M ৫ N ৬



উপরের চিত্রের আলোকে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :

৯. উদ্ভীপকের 'O' তে নিচের কোনটি সংঘটিত হয়?

- K ক্রোমোসোমের মেরুমুখী চলন ঘটে
L মেটাকাইনেসিস ঘটে
M নিউক্লিওলাসের আবির্ভাব ঘটে
N স্পিন্ডল তন্ত্র গঠিত হয়

১০. উদ্ভীপকের চক্রটির ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

- i. এটির অস্বাভাবিকতা জীবদেহের স্বাভাবিক বৃদ্ধিকে ব্যাহত করে
ii. A₁ দশায় সাইক্লিন প্রোটিন তৈরি হয়
iii. এটি যে কোনো ধরনের কোষ বিভাজনে দেখা যায়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১১. Cycas উদ্ভিদের কোন অঙ্গটি সাপের ফণার ন্যায়?


- K মেগাস্পোরোফিল L মাইক্রোস্পোরোফিল
M স্ট্রোবিলাস N কোরালয়েড মূল

১২. শ্বসনের কোন পর্যায়ে O₂ এর প্রয়োজন হয়?

- K গ্লাইকোলাইসিস L অ্যাসিটাইল Co-A
M ফ্রেবস চক্র N ইলেকট্রন প্রবাহ তন্ত্র

১৩. নিম্নের কোনটির মাধ্যমে উন্নত জাত সৃষ্টি করা যায়?

- K পার্থেনোজেনেসিস L যৌন প্রজনন
M অঙ্গ প্রজনন N কৃত্রিম প্রজনন



চিত্র-X

উপরের চিত্রের আলোকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :

১৪. উদ্ভীপকের চিত্রের ক্ষেত্রে প্রযোজ্য—

- i. 'K' ডিম্বকনভা নামে পরিচিত
ii. চিত্র 'X' গর্ভাশয়ের অমরা হতে তৈরি হয়
iii. পরাগনালিকা সাধারণত 'M' দিয়ে প্রবেশ করে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৫. উদ্ভীপকের নিষেকোত্তর পরিবর্তনের ক্ষেত্রে

নিচের কোনটি সঠিক?

- K 'F' জগে পরিণত হয়
L 'G' ফলে পরিণত হয়
M 'E' এডোস্পার্মে পরিণত হয়
N 'H' বীজে পরিণত হয়

১৬. নিচের কোন ধরনের কোষে মিয়োসিস কোষ বিভাজন সংঘটিত হয়?

- K পরাগরেণুতে L জননকোষে
M দৈহিক কোষে N পরাগ মাতৃকোষে



চিত্র-A



চিত্র-B

উপরের চিত্রের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :

১৭. চিত্র 'A' ধারণকারী অঙ্গের অন্তর্গতনের ক্ষেত্রে প্রযোজ্য—

- i. ভাস্কুলার বান্ডল বিক্ষিপ্তভাবে ছড়ানো
ii. হাইপোডার্মিস উপস্থিত
iii. এপিডার্মিস কিউটিকলবিহীন

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৮. উদ্ভীপকের চিত্র-'B' এর গঠন নিচের কোনটিতে বিদ্যমান?

- K *Abelmoschus esculentus*
L *Triticum aestivum*
M *Gossypium herbaceum*
N *Hibiscus rosa-sinensis*

১৯. সক্রিয় পরিশোধনের ক্ষেত্রে নিম্নের কোনটি সঠিক?

- K এনজাইমের ভূমিকা নেই
L শ্বসন হার বৃদ্ধি পায়
M বিপাকীয় শক্তির প্রয়োজন হয় না
N অ্যানায়ন ও ক্যাটায়ন পৃথকভাবে শোষিত হয়

২০. নিউক্লিয়াসের বিভাজনকে কী বলে?

- K ইন্টারকাইনেসিস L মেটাকাইনেসিস
M ক্যারিওকাইনেসিস N সাইটোকাইনেসিস

২১. নিম্নের কোন ধরনের ভাজক টিস্যু হতে এপিডার্মিস সৃষ্টি হয়?

- K প্রোটোডার্ম L প্রোক্যামিয়াম
M গ্রাউন্ড মেরিস্টেম N ইন্টারক্যালারি

২২. দিনের বেলায় আলোক বর্ণালির কোন অংশ রঞ্জীকোষের রিসেপ্টরকে উদ্দীপ্ত করে?

- K বেগুনি L লাল
M সবুজ N নীল

২৩. নগ্নবীজী উদ্ভিদে নিচের কোনটি অনুপস্থিত?

- K স্পোরোফিল L গর্ভাশয়
M ডিম্বক N সস্য

২৪. 'স্টক' ও 'সায়ন' শব্দগুলো নিম্নের কোনটির ক্ষেত্রে প্রযোজ্য?

- K কাটিং L বাড়িৎ
M গ্রাফটিং N লেয়ারিং

২৫. মিয়োসিস কোষ বিভাজনে X আকৃতির গঠন দেখা যায় নিম্নের কোনটিতে?

- K লেপ্টোটিন L জাইগোটিন
M প্যাকাইটিন N ডায়াকাইনেসিস

কুমিল্লা বোর্ড ২০২১

বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. নিউক্লিয়াসের বিভাজনকে কী বলে?

- K ইন্টারকাইনেসিস
L সাইটোকাইনেসিস
M ক্যারিওকাইনেসিস
N ডায়াকাইনেসিস

২. জবা ফুলের বৈশিষ্ট্য কোনটি?

- K উপপত্রযুক্ত L একপ্রতিসম
M গর্ভকটি N মূলীয় অমরাবিন্যাস

৩. সাইকাসের প্রধান মূল নষ্ট হওয়ার ফলে—

- i. অস্থানিক মূল সৃষ্টি হয়
ii. Anabaena দ্বারা আক্রান্ত হয়
iii. এর আকৃতি সামুদ্রিক প্রবালের মত হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৪. ইলেকট্রন প্রবাহ তত্ত্বে ATP সৃষ্টি হয়—

- i. NADH₂ জারণে
ii. Cyt b জারণে
iii. Cyt a জারণে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


৫. কোষ বিভাজন কে আবিষ্কার করেন?

- K বোভেরি L রুডলফ ভিরচাও
M ভল্লিও ফ্লেমিং N ট্রাসবার্জার

৬. উদ্ভিদের অন্তর্গত স্টিলীয় অংশ হচ্ছে—

- K হাইপোডার্মিস L এপিডার্মিস
M মঞ্জারশিা N কটেক্স

■ নিচের উদ্দীপকটি দেখ এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :



৭. চিত্রে প্রদর্শিত প্রক্রিয়াটি কোন উপধাপে সংঘটিত হয়?

- K লেপ্টোটিন L জাইগোটিন
M প্যাকাইটিন N ডিপ্লোটিন

৮. উদ্দীপকে 'A' অংশে সংঘটিত প্রক্রিয়ায় ঘটে—

- i. কায়াজমার সৃষ্টি হয়
ii. লাইগেজ এনজাইম জড়িত
iii. জিনের পরিবর্তন ঘটে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


৯. পাতার গ্রাউন্ড টিস্যুকে কী বলে?

- K কটেক্স L মেসোফিল
M পেরিসাইকেল N মঞ্জা

১০. C₃ উদ্ভিদে কার্বন বিজারণ প্রক্রিয়ায় প্রথম স্থায়ী পদার্থ কোনটি?

- K অক্সালো অ্যাসিটিক এসিড
L ম্যালিক এসিড
M ৩-ফসফোগ্লিসারালডিহাইড
N ৩-ফসফোগ্লিসারিক এসিড

■ উদ্দীপকটি দেখ এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র-A

চিত্র-B

১১. চিত্র 'A' কোন ধরনের ভাস্কুলার বাউন্ডেল?

- K কেন্দ্রিক
L বদ্ধ সমপার্শ্বীয়
M মুক্ত সমদ্বিপার্শ্বীয়
N অরীয়

১২. B-চিত্রে সংশ্লিষ্ট উদ্ভিদ অঙ্গের বৈশিষ্ট্য—

- i. জাইলেম এভার্ক
ii. পেরিসাইকেল একস্তরবিশিষ্ট
iii. হাইপোডার্মিস অনুপস্থিত

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


১৩. কোন আয়ন সবচেয়ে দ্রুতগতিতে শোষিত হয়?

- K K⁺ L Ca⁺⁺
M SO₄⁻⁻ N PO₄⁻⁻⁻

১৪. কোন প্রক্রিয়াটি নিষেক ক্রিয়া ছাড়া ডিম্বাণু থেকে কর্মক্ষম জ্রণ উৎপাদনে সক্ষম?

- K পার্থেনোজেনেসিস L অ্যাপোস্পোরি
M অ্যাপোগ্যামি N অ্যাস্ত্রোজেনেসিস

■ নিচের উদ্দীপক থেকে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :



১৫. A চিহ্নিত যৌগটির নাম কী?

- K ফ্লুক্সোজ ৬-ফসফেট
L গ্লুকোজ ৬-ফসফেট
M ৩-ফসফোগ্লিসারালডিহাইড
N ডাইহাইড্রোক্সি অ্যাসিটোন ফসফেট

১৬. উক্ত ধাপে—

- i. ATP ব্যবহার হয়
ii. অ্যালডোলেজ এনজাইম ব্যবহার হয়
iii. Mg⁺⁺ আয়নের প্রয়োজন হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৭. কোষের কোন অঙ্গাণুতে ক্রেবস চক্র সম্পন্ন হয়?


- K গলজি বডি L রাইবোসোম
M মাইটোকন্ড্রিয়া N নিউক্লিয়াস

১৮. মূল দ্বারা জননকার্য সম্পন্ন করে—

- i. ডালিয়া
ii. আলু
iii. পটল

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii



১৯. চিত্রটি কৃত্রিম প্রজননের কোন ধাপ?

- K ব্যাগিং L ইমাস্কুলেশন
M লেবেলিং N ট্যাগিং

২০. ফার্মেন্টেশনের ক্ষেত্রে কোন উদ্ভিতি সত্যি?

- K দেহের অভ্যন্তরীণ গ্লুকোজ ব্যবহৃত হয়
L এটি কোষের মধ্যে সম্পন্ন হয়
M এটি এক প্রকার অবাত শ্বসন
N জলীয় মাধ্যমে ঘটে না

২১. নিষেকের পর ডিম্বক কীসে পরিণত হয়?

- K জ্রণ L বীজ
M ফল N টেস্টা

২২. সবাত শ্বসনে এক অণু গ্লুকোজ জারিত হয়ে কয়টি ATP উৎপন্ন করে?

- K 34 L 35
M 36 N 38

২৩. লুকায়িত পত্ররন্ধ্র পাওয়া যায় কোন উদ্ভিদে?

- K শাপলা L হাইড্রিল্লা
M কচুরিপানা N করবী

২৪. সবাত ও অবাত শ্বসনের অভিন্ন ধাপ কোনটি?

- K গ্লাইকোলাইসিস
L অ্যাসিটাইল কো-এ
M ক্রেবস চক্র
N ETS

২৫. উদ্ভিদের পুষ্টির জন্য মাইক্রোএলিমেন্ট কোনটি?

- K ক্যালসিয়াম L কার্বন
M সালফার N কপার

চট্টগ্রাম বোর্ড ২০২১

বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট


জীববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ষসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. নিচের কোনটির মাধ্যমে মাতৃউদ্ভিদের বৈশিষ্ট্যের পরিবর্তন হয়?

- K বুলবিলা L সংকরায়ন
M মুকুলোদ্গম N দাবাকলম




২. উদ্ভিদের ভাস্কুলার বাউলটি কোন উদ্ভিদে দেখা যায়?

- K সিলাজিনেলা L লাইকোপোডিয়াম
M ড্রাসিনা N টেরিস

■ নিচের উদ্ভিদের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :

২ অণু অ্যাসিটাইল কো-এ



৩. উদ্ভিদের 'P' চক্রে কত অণু ATP তৈরি হয়?

- K ৬ L ১২
M ২৪ N ৩৬

৪. উদ্ভিদের চক্রে—

- i. CO₂ উৎপন্ন করে
ii. মাইটোকন্ড্রিয়ায় ঘটে
iii. অসম্পূর্ণ জারণ ঘটে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৫. গ্লাইকোলাইসিস প্রক্রিয়ায় ব্যয়িত শক্তি কত অণু ATP?

- K ২ L ৪
M ৬ N ৮

৬. কোন উদ্ভিদটি ডায়াবেটিস রোগে ব্যবহৃত হয়?

- K কার্পাস তুলা L জবা
M ধান N টেঁড়স


৭. সক্রিয় খনিজ লবণ পরিশোধনের ক্ষেত্রে প্রয়োজন হয়—

- i. বিপাকীয় শক্তি
ii. সাইটোক্রোম বাহক
iii. অ্যানায়ন ও ক্যাটায়ন

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ নিচের চিত্রটি লক্ষ কর এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :



৮. চিত্রের 'C' চিহ্নিত অংশটির নাম কী?

- K অ্যাপোফাইসিস L পিনিউল
M সোরাস N ডিম্বক

৯. চিত্রটি যে উদ্ভিদের অংশ তাকে বলা হয়—

- i. জীবন্ত জীবাশ্ম
ii. লিভার ওয়াট
iii. পাম ফার্ন

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১০. ভাস্কুলার বাউলের সৃষ্টি হয় কোন ধরনের ভাজক টিস্যু হতে?

- K প্রোটোডার্ম L প্রোক্যাম্বিয়াম
M থাউন্ড মেরিস্টেম N প্রোমেরিস্টেম

১১. মাইটোসিস বিভাজনের কোন পর্যায়ে ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়?


- K প্রো-মেটাফেজ L মেটাফেজ
M অ্যানাফেজ N টেলোফেজ



১২. উপরের চিত্রের ডিম্বকটি কোন উদ্ভিদে দেখা যায়?

- K পানি মরিচ L শিম
M আফিম N সরিষা

■ উদ্ভিদের আলোকে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :



১৩. উপরের চিত্র দুটি যে গোত্রকে নির্দেশ করে সেই গোত্রের উদ্ভিদ কোনটি?

- K *Triticum aestivum*
L *Zea mays*
M *Gossypium herbaceum*
N *Oryza sativa*

১৪. উদ্ভিদের গোত্রের বৈশিষ্ট্য হলো—

- i. পুংকেশর একগুচ্ছক
ii. উপপত্র মুক্তপাশ্চীয়
iii. ফল বেরী বা ক্যাপসুল

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১৫. *Cycas* এর বৈশিষ্ট্য কোনটি?

- K কোরালয়েড মূল
L ট্রিপ্লয়েড শস্য
M ফল হয়
N দ্বি-নিষেক ঘটে

১৬. ইমাস্কুলেশনের বৈশিষ্ট্য হলো—

- i. পুংকেশর অপসারণ
ii. একলিঙ্গ ফুলে ঘটে
iii. স্বপরাগায়ন রোধ

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের উদ্ভিদের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :

সালোকসংশ্লেষণে কার্বন বিজারণের দুটি পথ রয়েছে। যথা : ক্যালভিন চক্র এবং হ্যাচ ও স্ল্যাকের চক্র। উভয় চক্রের মাধ্যমেই গ্লুকোজ তৈরি হয়।

১৭. উদ্ভিদের ১ম চক্রের ক্ষেত্রে CO₂ আতীকরণে কোন এনজাইম ব্যবহৃত হয়?

- K পাইরুভিক এসিড কাইনেজ
L ডিহাইড্রোজিনেজ
M রুবিস্কো N ফসফেটেজ

১৮. উদ্ভিদের ২য় চক্রটি ১ম চক্র থেকে উন্নত, কারণ—

- i. শর্করা উৎপাদন বেশি হয়
ii. কম তাপমাত্রায় ঘটে
iii. দুই ধরনের ক্লোরোপ্লাস্ট

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১৯. একবীজপত্রী কাণ্ডের বৈশিষ্ট্য কোনটি?

- K কাণ্ডরোম বিদ্যমান
L ভাস্কুলার বাউল সমদ্বিপাশ্চীয়
M ভাস্কুলার বাউল অসংখ্য
N ক্যাম্বিয়াম উপস্থিত

২০. কোষচক্রের কোন পর্যায়ে DNA সংশ্লেষণ ঘটে?

- K G₁ L S
M G₂ N M

২১. C₄ চক্রের প্রথম স্থায়ী ধৌপ কোনটি?

- K ৩-ফসফোগ্লিসারিক এসিড
L অক্সালোএসিটিক এসিড
M পাইরুভিক এসিড N ম্যালিক এসিড



২২. উপরের চিত্রটি কোন ধরনের অমরাবিন্যাসের?

- K অক্ষীয় L মূলীয়
M এক প্রান্তীয় N গাত্রীয়

■ নিচের উদ্ভিদের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :

মিয়োসিস-১ এর কোনো এক উপপর্যায়ে দুটি ক্রোমোসোমের মধ্যে অংশ বিনিময়ের ফলে 'X' চিহ্নের মত আকৃতির সৃষ্টি হয়।

২৩. উদ্ভিদের প্রক্রিয়াটি কোন উপপর্যায়ে সংঘটিত হয়?

- K লেপ্টোটিন L জাইগোটিন
M প্যাকাইটিন N ডিপ্লোটিন

২৪. উক্ত ঘটনাটির ফলে—

- i. নতুন ধরনের ক্রোমোসোমের সৃষ্টি হয়
ii. জীবে নতুন ভেরিয়েশন দেখা যায়
iii. মিউটেশনের সৃষ্টি হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

২৫. নিচের কোন ফলটিতে ক্যারিওপসিস দেখতে পাওয়া যায়?

- K কলা L তরমুজ
M ধান N টেঁড়স

সিলেট বোর্ড ২০২১

বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র ● বছর্নির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বছর্নির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. সেন্ট্রোমিয়ারের পূর্ণবিভাজন ঘটে নিম্নের কোন ধাপে?

K প্রোমেটাফেজ L মেটাফেজ
M অ্যানাফেজ N টেলোফেজ

২. কোনটির জাইগোটে মায়োসিস ঘটে?

K *Ulothrix* L *Pteris*
M *Oryza* N *Hibiscus*

৩. ইন্টারকাইনেসিসে—

i. প্রোটিন সংশ্লেষণ ঘটে
ii. DNA অনুলিখন ঘটে
iii. প্রয়োজনীয় RNA তৈরি হয়

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৪. দেহে টিউমার ছড়িয়ে পড়াকে কী বলে?

K Oncogenesis L Necrosis
M Apoptosis N Metastasis

৫. *Cycas* এর শস্য কোন ধরনের?

K হ্যাপ্লয়েড L ডিপ্লয়েড
M ট্রিপ্লয়েড N টেট্রাপ্লয়েড

৬. *Cycas* এর ডিম্বাণু তৈরির সঠিক ধারাক্রম কোনটি?

K ডিম্বক → স্ত্রীরেণু মাতৃকোষ → স্ত্রীরেণু → ডিম্বাণু
L ডিম্বক → আর্কিগোনিয়াম → স্ত্রীরেণু → ডিম্বাণু
M ডিম্বক → স্ত্রীরেণু মাতৃকোষ → স্ত্রীরেণু → আর্কিগোনিয়াম → ডিম্বাণু

N আর্কিগোনিয়াম → ডিম্বক → স্ত্রীরেণু → ডিম্বাণু

■ নিম্নের চিত্রটি দেখ এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :



৭. চিত্রের পুষ্পবিন্যাস হলো—

K ক্যাপিচুলাম L রেসিম
M স্পাইক N স্পাইকলেট

৮. চিত্রের—

i. A = মঞ্জুরীপত্র
ii. B = পেলিয়া
iii. C = উপমঞ্জুরীপত্র

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৯. লিগিউম হলো এক ধরনের—

K ফল L উপবৃদ্ধি
M পুষ্পবিন্যাস N এস্টিভেশন

■ নিম্নের চিত্রটি দেখ এবং ১০ নং প্রশ্নের উত্তর দাও :



১০. চিত্রের অমরাবিন্যাস বহন করে কোনটি?

K শসা L শিম
M জবা N শাপলা

১১. *Cycas*-এর মূলে বসবাস করে—

i. ব্যাকটেরিয়া
ii. *Nostoc*
iii. *Anabaena*

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


১২. উদ্ভিদের জ্ঞপবস্থায় উৎপত্তিলাভ করে কোনটি?

K প্রোমেরিস্টেম L প্রাইমারি ভাজক টিস্যু
M প্রোক্যাম্বিয়াম N কর্ক ক্যাম্বিয়াম

১৩. এপিডার্মিসের অন্তর্ভুক্ত হলো—

K স্টোমাটা L ট্রাইকোম
M রক্ষীকোষ N হাইডাথোড

■ নিম্নের চিত্রটি দেখ এবং ১৪, ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :



১৪. উপরের চিত্রটি হলো—

K মেসার্ক L এক্সার্ক
M এন্ডার্ক N হ্যাড্রোসেন্ট্রিক

১৫. উপরের চিত্রটি বহন করে কোনটির মূলে?

i. সূর্যমুখী
ii. *Gnetum*
iii. আম

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

[Note : চিত্র অনুযায়ী প্রশ্নটিতে মূলের পরিবর্তে কাণ্ড হবে। সেক্ষেত্রে সঠিক উত্তর হবে (গ) ii ও iii]

১৬. চিত্রের 'P' অংশের বৈশিষ্ট্য হলো—

i. কোষপ্রাচীর পাতলা
ii. কোষপ্রাচীর কয়েক স্তরবিশিষ্ট
iii. খাদ্য সঞ্চয় করে না

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিম্নের উদ্ভীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :

শিক্ষক ক্লাসে C₃ চক্র পড়ানোর এক পর্যায়ে বললেন, তীব্র আলো ও উচ্চ তাপমাত্রা থাকলে চক্রটি বন্ধ হয়ে যায়, তখন অন্য একটি বিশেষ প্রক্রিয়া সংঘটিত হয়।

১৭. উদ্ভীপকের বিশেষ প্রক্রিয়াটি হলো—

K ফসফোরাইলেশন
L ফটোরেসপাইরেশন
M C₄ চক্র
N রেসপাইরেশন

১৮. উদ্ভীপকের বিশেষ প্রক্রিয়াটিতে অংশ নেয়—

i. মাইটোকন্ড্রিয়া
ii. পারঅক্সিসোম
iii. ক্লোরোপ্লাস্ট

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


১৯. লুভেগড়-এর মতবাদে খনিজ লবণ—

i. পরিশোধে ATP অংশ নেয়
ii. ঘনত্বের আনতির বিপরীতে পরিশোধ ঘটে
iii. আয়নের নিরপেক্ষতায় অক্সিজেন অংশ নেয়

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিম্নের বিক্রিয়াটি দেখ এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :



২০. উদ্ভীপকের প্রক্রিয়াটির সাইটোপ্লাজমে সংঘটিত ধাপটির নিট উৎপাদিত ATP কতটি?

K ৫ L ৬
M ৯ N ১০


২১. উদ্ভীপকের A উপাদানটির ব্যবহৃত ধাপে—

i. ম্যাট্রিক্সে পানি তৈরি হয়
ii. ধাপটি মাইটোকন্ড্রিয়ার মেমব্রেনে ঘটে
iii. ইলেকট্রন বাহক থাকে ৪ ধরনের

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


■ নিম্নের চিত্রটি দেখ এবং ২২ নং প্রশ্নের উত্তর দাও :



২২. উপরোক্ত চিত্রের প্রক্রিয়াটি হলো—

K porogamy L mesogamy
M chalazogamy N syngamy

■ নিম্নের চিত্রটি দেখ এবং ২৩ নং প্রশ্নের উত্তর দাও :



২৩. চিত্রের প্রক্রিয়াটি হলো—

K গ্রাফটিং L গুটি
M লেয়ারিং N কাটিং

২৪. কাণ্ড দ্বারা বংশবৃদ্ধি করে নিম্নের কোনটি?

K ডালিয়া L কাকরোল
M পটল N ওলকচু

২৫. বৃদ্ধির পরাগরেণুর পুষ্টি সরবরাহ করে নিম্নের কোনটি?

K পরাগধানী L যোজনী
M ট্যাপেটাম N আর্কিস্পোরিয়াল

বরিশাল বোর্ড ২০২১

বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. ড্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ষসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. অধিকাংশ উদ্ভিদের ডিম্বক কোন ধরনের?

- K অধোমুখী L উর্ধ্বমুখী
M বক্রমুখী N পার্শ্বমুখী

■ নিচের উদ্ভিদপত্রের আলোকে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :



২. উদ্ভিদপত্রের প্রজনন পদ্ধতি কোনটি?

- K কাটিং L বাডিং
M জোড় কলম N দাবা কলম

৩. উল্লিখিত জনন পদ্ধতি ব্যবহার করার কারণ—

- i. জাতের গুণাগুণ ঠিক থাকে
ii. ফুল ও ফল দ্রুত হয়
iii. রোগ প্রতিরোধী হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৪. 'আবুভবীজী উদ্ভিদে ডিম্বাণুর সাথে পুংগ্যামেটের মিলনকে কী বলে?

- K অ্যাপোগ্যামি L সিনগ্যামি
M সিউডোগ্যামি N মেসোগ্যামি

৫. নিষেকের পর ডিম্বাণু কিসে পরিণত হয়?

- K শস্য L ফল
M বীজ N জ্রণ

৬. কোষ বিভাজনের কোন দশায় স্পিন্ডলযন্ত্র অদৃশ্য হয়ে যায়?

- K প্রো-মেটাফেজ L মেটাফেজ
M এনাফেজ N টেলোফেজ

৭. ক্রোমোসোমীয় নৃত্য কোষ বিভাজনের কোন দশায় দেখা যায়?

- K প্রোফেজ L প্রো-মেটাফেজ
M এনাফেজ N টেলোফেজ

৮. জীবের জীবন চক্রের জন্য মাইটোসিস প্রয়োজন— কারণ

- i. এটি জাইগোটকে জ্রণে পরিণত করে
ii. এটি জনন কোষ উৎপন্ন করে
iii. এটি বৃদ্ধিসাধন করে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ নিচের চিত্রের আলোকে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :



৯. উদ্ভিদপত্রের চিত্রটি কোষ বিভাজনের কোন ধাপ নির্দেশ করে?

- K প্রোফেজ L মেটাফেজ
M অ্যানাফেজ N টেলোফেজ

১০. উদ্ভিদপত্রের চিত্রের জন্য প্রযোজ্য—

- i. ক্রোমোসোম খাটো, মোটা
ii. ক্রোমোসোম বিষুবীয় অঞ্চলে থাকে
iii. মেটাকাইনেসিস ঘটে

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১১. নিষেকের পূর্বে কোনটিতে শস্য উৎপন্ন হয়?

- K মসে L ফার্নে
M জিমনোস্পার্মে N এনজিওস্পার্মে



উদ্ভিদপত্রের চিত্রে কোন ধরনের পুষ্পপত্র বিন্যাস দেখানো হয়েছে?

- K ভ্যালভেট L টুইস্টেড
M ইমব্রিকেট N ডেক্সিলারিয়

১৩. সর্বমুখ পরাগধানী কোন উদ্ভিদে পাওয়া যায়?

- K জবা L ধানে
M কার্পাস N টেঁড়স

১৪. নগ্নবীজী উদ্ভিদে—

- i. আর্কিগোনিয়াম উপস্থিত
ii. শস্য ট্রিপ্লয়েড
iii. বীজ উৎপন্ন হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৫. গমের বৈজ্ঞানিক নাম কী?

- K *Oryza sativa*
L *Triticum aestivum*
M *Zea mays*
N *Bambusa tulda*


১৬. ইমাস্কুলেশনে ব্যবহৃত হয় কোনটি?

- K পলিথিন L সুতা
M ট্যাগ N চিমটা

১৭. উদ্ভিদের মূল ও কাণ্ডের শীর্ষের টিস্যু কোনটি?

- K ভাজক টিস্যু L সরল টিস্যু
M জটিল টিস্যু N ক্ষরণকারী টিস্যু

■ নিচের চিত্রের আলোকে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :



১৮. উক্ত টিস্যুটি উদ্ভিদের কোথায় অবস্থিত?

- K ফুলের বোটা L পাতার বৃন্ত
M ঘাসের পর্ব N কাণ্ডের শীর্ষে

১৯. উদ্ভিদদেহে উক্ত টিস্যুর ভূমিকা—

- i. বিভিন্ন টিস্যু উৎপন্ন করা
ii. দৃঢ়তা দান করা
iii. বৃদ্ধি সাধন করা


নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২০. দ্বিবীজপত্রী উদ্ভিদের ভাস্কুলার বাণ্ডল কোনটি?

- K অরীয় L সমদ্বিপার্শ্বীয়
M সমপার্শ্বীয় N হ্যাড্রোসেন্ট্রিক

■ উদ্ভিদপত্রটি লক্ষ কর এবং ২১নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র : X

২১. উদ্ভিদপত্রের 'X' ভাস্কুলার বাণ্ডল কোন উদ্ভিদে অবস্থিত?

- K *Pteris* L *Dracaena*
M *Lycopodium* N *Selaginella*


২২. উদ্ভিদ কোনটি মাটি হতে নেয়?

- K নাইট্রোজেন L হাইড্রোজেন
M অক্সিজেন N কার্বন

২৩. ক্রেবস চক্রের গ্রাহক কোনটি?

- K অক্সালোএসিটিক এসিড
L সাইট্রিক এসিড
M ফিউমারিক এসিড
N ম্যালিক এসিড

■ নিচের উদ্ভিদপত্রটি লক্ষ কর এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :



২৪. উপরোক্ত বিক্রিয়াটি কোন জৈবিক প্রক্রিয়ায় সংঘটিত হয়?

- K সবাৎ শ্বসন L অবাত শ্বসন
M কেলভিন চক্র N হ্যাচ ও স্ল্যাক চক্র

২৫. উপরোক্ত বিক্রিয়াটি—

- i. 2ATP তৈরি করে
ii. ব্যাকটেরিয়ায় শক্তি উৎপন্ন করে
iii. মাইটোকন্ড্রিয়ায় সংঘটিত হয়

নিচের কোনটি সঠিক?

- K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

দিনাজপুর বোর্ড ২০২১


বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. যে ভাজক টিস্যুর কোষগুলো এক তলে বিভাজিত হয় তাকে কী বলে?
K রিব L মাস
M প্লেট N শীর্ষস্থ
২. ফ্রেবস চক্রের প্রথম উৎপাদিত পদার্থ—
K ম্যালিক এসিড
L সাইট্রিক এসিড
M অক্সালিক এসিড
N ল্যাকটিক এসিড
৩. উদ্ভিদের মূলের অন্তর্গঠনের বৈশিষ্ট্য—
i. পরিবহন কলাগুচ্ছ অরীয়
ii. প্রোটোজাইলেম এক্সার্ক
iii. জাইলেমের উভয় পার্শ্বে ফ্লোয়েম কলা বিদ্যমান
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
৪. হ্রাসমূলক বিভাজনে তৈরি হয়—
i. গ্যামেট
ii. জাইগোট
iii. বৈচিত্র্য
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
৫. নিচের কোন আয়ন দ্রুত গতিতে শোষিত হয়?
K Ca L SO₄
M K N Mg
- উদ্ভীপকের চিত্রটি দেখ এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :

৬. নিচের গঠনটির নাম হলো—
K Diacytic L Anisocytic
M Paracytic N Actinocytic
৭. নিচের গঠনটি নিচের কোন জৈবনিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করে?
K সালোকসংশ্লেষণ L শ্বসন
M প্রস্বেদন N সবগুলোতে
৮. পানির ফটোলাইসিসের জন্য কোনটি প্রয়োজন?
K Mg L Mn
M Ca N Fe
৯. নিচের কোনটিতে মূলের মাধ্যমে জনন হয়?
K পাথরকুচি L আদা
M কলা N ডালিয়া
১০. উদ্ভিদের প্রধান প্রস্বেদন অঙ্গ কোনটি?
K মূল L কাণ্ড
M পাতা N ফুল
১১. অবাত শ্বসনে এক অণু গ্লুকোজ থেকে কত অণু ATP তৈরি হয়?
K ২ L ৬
M ২৪ N ৩৮
১২. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উৎপাদন হয়—
i. CO₂
ii. H₂O
iii. O₂
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
১৩. নিচের কোন ধাপে ক্রসিং ওভার শুরু হয়?
K লেপ্টোটিন L জাইগোটিন
M প্যাকাইটিন N ডিপ্লোটিন
১৪. ভেঙ্কিলারি এন্টিভেশন দেখা যায় কোন উদ্ভিদে?
K *Solanum tuberosum*
L *Pisum sativum*
M *Brassica napus*
N *Calotropis procera*
১৫. মূলের ত্বকে কী বলে?
K এপিডার্মিস L এপিড্রোমা
M হাইপোডার্মিস N কটেক্স
১৬. নিম্নের কোন পর্যায়ে কোষপ্লেট তৈরি হয়?
K প্রোফেজ L অ্যানাফেজ
M টেলোফেজ N সাইটোকাইনেসিস
১৭. নিচের কোনটি বেরি ফল?
K কলা L ধান
M আনারস N আতা
১৮. নিউক্লিয়াসের বিভাজনকে কী বলে?
K সাইটোকাইনেসিস
L ক্যারিওকাইনেসিস
M ডায়াকাইনেসিস
N সিন্যাপসিস
১৯. নগ্নবীজী উদ্ভিদের জননাজে নেই—
i. গর্ভদণ্ড
ii. ডিম্বক
iii. গর্ভাশয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
২০. সরিষাতে নিম্নলিখিত কোন প্রকারের ডিম্বক দেখা যায়?
K উর্ধ্বমুখী L নিম্নমুখী
M পার্শ্বমুখী N বক্রমুখী
২১. *Cycas* উদ্ভিদের শুক্রাণু কেমন?
K ফ্ল্যাঞ্জেলোবাইহীন L এক ফ্ল্যাঞ্জেলোয়ুক্ত
M দ্বি-ফ্ল্যাঞ্জেলোয়ুক্ত N বহু ফ্ল্যাঞ্জেলোয়ুক্ত
- নিচের উদ্ভীপকটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :
পৃথিবীতে প্রাধান্য বিস্তারকারী উদ্ভিদ এবং এদের সস্য ট্রিপ্লয়েড।
২২. উদ্ভীপকে কোন উদ্ভিদের কথা বলা হয়েছে?
K মস L ফার্ন
M আবৃতবীজী N নগ্নবীজী
২৩. উদ্ভিদটির বৈশিষ্ট্য—
i. দ্বি-নিষেক হয়
ii. ফল হয় না
iii. ফ্লোয়েম টিস্যুতে সঙ্গীকোষ আছে
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
- নিচের উদ্ভীপকটি পড় এবং ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :
কোষ বিভাজন প্রক্রিয়ায় জীবজগতে বৈচিত্র্য সৃষ্টি হয়। জনন মাতৃকোষ এই বিভাজন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে।
উদ্ভীপকে উল্লিখিত বিভাজন প্রক্রিয়ার বৈশিষ্ট্য—
i. হোমোলোগাস ক্রোমোসোমগুলোর মধ্যে অংশ বিনিময় ঘটে
ii. একটি নির্দিষ্ট সংখ্যক বাইভ্যালেন্ট তৈরি হয়
iii. প্রত্যেকটি ক্রোমোসোম অনুদৈর্ঘ্যে ২টি করে ক্রোমোটিডে বিভক্ত হয়
২৪. প্যাকাইটিন উপদশায় ঘটে—
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
২৫. উদ্ভীপকে নিম্নের কোন বিষয়টি বোঝানো হয়েছে?
K দৈহিক বৃদ্ধি
L অপরিবর্তিত ক্রোমোসোম
M বিবর্তন
N ক্ষতপূরণ

ময়মনসিংহ বোর্ড ২০২১

বিষয় কোড : 178

সময়-২৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ষসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. সবাত ও অবাৎ শ্বসনের অভিন্ন ধাপটিতে মোট কত অণু ATP উৎপন্ন হয়?

K ৮ L ১২
M ১৪ N ১৬


২. ক্যালভিন চক্রের প্রথম স্থায়ী যৌগটি কত কার্বনবিশিষ্ট?

K ৩ L ৪
M ৫ N ৬

৩. কাজ অনুসারে ভাজক টিস্যুর প্রকার হলো—

K ২ L ৩
M ৪ N ৫

■ নিচের চিত্রটি লক্ষ কর এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :



৪. Y চিহ্নিত অংশটির নাম কী?

K জাইলেম L ক্যান্থিয়াম
M ফ্লোয়েম N এন্ডোডার্মিস

৫. Z চিহ্নিত অংশের কাজ কোনটি?

K শর্করা তৈরি L খনিজ লবণ পরিবহণ
M পানি পরিবহন N খাদ্য পরিবহন

৬. *Cycas*-এর কোরালয়েড মূলের ক্ষেত্রে প্রযোজ্য—

i. এটি অস্থানিক মূল
ii. *Nostoc* দ্বারা আক্রান্ত
iii. দ্ব্যগ্র শাখাবিন্যাস বিশিষ্ট

নিচের কোনটি সঠিক?

K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

৭. উদ্ভিদদেহে প্রস্বেদনের প্রধান অঙ্গ কোনটি?

K তৃকীয় কোষ L পত্ররন্ধ্র
M লেন্টিসেল N হাইডাথোড

৮. লেগুমিনোসিস্ট্রিক ভাস্কুলার বাউলের উদাহরণ হলো—

K *Dracaena sp* L *Mangifera sp*
M *Oryza sp* N *Triticum sp*

৯. কোন আলোতে সালোকসংশ্লেষণ সর্বাধিক কার্যকর?

K লাল L হলুদ
M কমলা N বেগুনী

১০. আধুনিক ধারণা অনুযায়ী, পত্ররন্ধ্র খোলা ও বন্ধ হওয়ার সঙ্গে কোন উপাদান সম্পৃক্ত?

i. K^+
ii. স্টার্চ
iii. ম্যালিক এসিড

নিচের কোনটি সঠিক?

K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

■ নিচের তথ্য থেকে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :

ফ্রুক্টোজ ১, ৬ বিসফসফেট H_2O ও ফসফোগ্লিসারেলডিহাইড + ডাইহাইড্রোক্সি এসিটোন ফসফেট।

১১. উদ্ভীপকের বিক্রিয়াটি নিচের কোন বিক্রিয়া পথে সংঘটিত হয়?

K ক্রেবস চক্র L ক্যালভিন চক্র
M গ্লাইকোলাইসিস N হ্যাচ-স্ল্যাক চক্র

১২. উদ্ভীপকের বিক্রিয়ায় অংশগ্রহণকারী P-এর নাম কী?

K হেলোকাইনেজ L অ্যালডোলেজ
M ডিহাইড্রোজিনেজ N মিউটেজ

১৩. কোন উদ্ভিদকে 'পাম ফার্ন' বলা হয়?

K *Gnetum* L *Cycas*
M *Pinus* N *Ephedra*

১৪. *Poaceae* গোত্রের অমরাবিন্যাস কোন ধরনের?

K অক্ষীয় L মূলীয়
M গাভ্রীয় N প্রান্তীয়

১৫. কোষ চক্রের বিরাম-১ (G-1) দশার ব্যয়িত সময়—

K ১০ - ২০% L ৩০ - ৪০%
M ৩০ - ৫০% N ৯০ - ৯৫%

১৬. সাইটোপ্লাজমের বিভাজনকে কী বলে?

K ক্যারিওকাইনেসিস
L মেটাকাইনেসিস
M সাইটোকাইনেসিস
N ইন্টারকাইনেসিস

১৭. কোন উপপর্মায়ে বাইভ্যালেন্ট সৃষ্টি হয়?

K লেপ্টোটিন L প্যাকাইটিন
M জাইগোটিন N ডিপ্লোটিন

১৮. ক্রেসিংওভার ঘটে—

i. লেপ্টোটিন দশায়
ii. নন-সিস্টার ক্রোমাটিডের মধ্যে
iii. হোমোলোগাস ক্রোমোসোমের মধ্যে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৯. মায়োসিস প্রোফেজ-১ এর সঠিক ক্রম পর্যায় কোনটি?

K জাইগোটিন → ডিপ্লোটিন →
প্যাকাইটিন → ডায়াকাইনেসিস

L লেপ্টোটিন → প্যাকাইটিন →
ডিপ্লোটিন → জাইগোটিন

M জাইগোটিন → লেপ্টোটিন →
প্যাকাইটিন → ডিপ্লোটিন

N লেপ্টোটিন → জাইগোটিন →
প্যাকাইটিন → ডিপ্লোটিন

২০. কোন নগ্নবীজী উদ্ভিদের দ্বি-নিষেক ঘটে?

K *Cycas* L *Pinus*
M *Gnetum* N *Ephedra*

২১. *Cycas* উদ্ভিদের কোরালয়েড মূলের ভিতরে বাস করে—

i. *Rhizobium*
ii. *Nostoc*
iii. *Anabaena*

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২২. আবৃতবীজী উদ্ভিদের কোন অংশে অরীয় ভাস্কুলার বাউল দেখা যায়?

K মূলে L কাণ্ডে
M পাতায় N ফুলে

২৩. ক্রেবস চক্রের মাধ্যমে ১ অণু অ্যাসিটাইল কো-এ হতে মোট কত অণু ATP উৎপন্ন হয়?

K ৮ L ১২
M ২৪ N ৩০


২৪. গোল আলুর অঙ্গজ বংশবৃদ্ধি কোন অঙ্গের মাধ্যমে হয়?

K মূল
L কাণ্ড
M পাতা
N ফুল

২৫. নিষেকের পর ডিম্বকের পরিবর্তিতরূপ কোনটি?

K বীজ L ফল
M ক্রণ N বিনষ্ট

সকল বোর্ডের
শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র



মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

বিষয় কোড : 1 7 8

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

১▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর-

L = কোষীয় অঙ্গাণু যা প্রাণিকোষে কোষ বিভাজনের জন্য প্রয়োজনীয়।

M = কোষীয় অঙ্গাণু যেখানে ফটোসিস্থেসিস ঘটে।

N = কোষীয় অঙ্গাণু যেখানে শক্তি, উৎপন্ন হয়।

ক. অটোলাইসিস কী? ১

খ. কেন মাইক্রোটিউবিউলসকে কোষের কঙ্কাল বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত 'L' অঙ্গাণুর গঠন বর্ণনা কর। ৩

ঘ. জীবিত জীবের মধ্যে 'M' এবং 'N' এর তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

২▶ 'X' হলো একটি জৈব অণু যা পিতামাতার কাছ থেকে বংশধরদের মধ্যে বংশগত তথ্য সরবরাহ করার ক্ষেত্রে অংশ নেয় এবং 'Y' হলো একটি গুরুত্বপূর্ণ জৈব অণু যা কোষের প্রোটিন সংশ্লেষণের জন্য ব্যবহৃত হয়।


ক. জেনেটিক কোড কী? ১

খ. DNA অনুলিপনকে কেন অর্ধসংরক্ষণশীল অনুলিপন প্রক্রিয়া বলা হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত 'X' জৈব অণুর ভৌত গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত 'X' এবং 'Y' এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩▶ নিচের চিত্র দুটি লক্ষ কর-




ক. মেটাকাইনেসিস কী? ১

খ. অ্যামাইটোসিসকে প্রত্যক্ষ কোষবিভাজন বলা হয় কেন? ২

গ. চিত্র-'P' তে প্রদর্শিত প্রক্রিয়াটি সঠিকভাবে না ঘটলে কী হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র-Q-এ প্রদর্শিত প্রক্রিয়াটির মাধ্যমে কীভাবে বৈচিত্রতা সৃষ্টি হয়- বিশ্লেষণ কর। ৪

৪▶ নিচের চিত্রটি লক্ষ কর-




ক. মাইটোটিক ইন্ডেক্স কী? ১

খ. কীভাবে ক্রসিংওভার নতুন বৈশিষ্ট্য তৈরি করে? ব্যাখ্যা কর। ২

গ. 'X'-এ সংঘটিত বিভিন্ন পর্যায়গুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'P' তে 'A' এবং 'E' পর্যায়ের মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫▶ নিচের চিত্রগুলো লক্ষ কর-



ক. প্রোফায় কী? ১

খ. ভাইরাসকে কেন জীব ও জড় বস্তুর সেতুবন্ধন বলা হয়- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রদর্শিত চিত্র-A জীবের গঠন বর্ণনা কর। ৩

ঘ. নিরাময়ের পাশাপাশি, 'B' দ্বারা 'C' সংক্রমিত হলে তার পরিণতিগুলো বিশ্লেষণ কর। ৪

৬▶ ঘটনা-১ : মি. আকরাম এর বাগানে পেঁপে গাছে একটি রোগ দেখা গিয়েছিল। প্রথমত পেঁপের পাতায় পানি ভেজা দাগ দেখা গিয়েছিল, এবং পরে পাতাগুলো কুঁচকে গিয়েছিল এবং গাছের ডগায় বিকৃত আকার ধারণ করেছিল।

ঘটনা-২ : জ্বর দ্বারা আক্রান্ত হওয়ার পর নাসরিন রক্তাঙ্গতায় ভুগছে। ডাক্তার বলেছিল সে মশা বাহিত একসূত্রক পরজীবী দ্বারা সংক্রমিত হয়েছিল।

ক. সুপ্তাবস্থা কী? ১

খ. জীবাণু দ্বারা আক্রান্ত হওয়ার পর কখন জ্বর আসে? ২

গ. উদ্দীপকের ঘটনা-১ এ উল্লেখিত আকরাম সাহেবের বাগানের পেঁপে গাছে দেখা রোগের কারণ, প্রতিকার এবং প্রতিরোধ ব্যবস্থা বর্ণনা কর। ৩

ঘ. মশা বাহিত এককোষী পরজীবী কীভাবে নাসরিনের শরীরে রক্তাঙ্গতায় তৈরি করে- বিশ্লেষণ কর। ৪

৭▶ নিচের চিত্রগুলো লক্ষ কর-




ক. জীবন্ত জীবাশ্ম কী? ১

খ. একটি গোত্র শনাক্তকরণের জন্য পুষ্প সংকেত প্রয়োজন কেন?- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে প্রদর্শিত চিত্র-X এর উদ্ভিদের জনন প্রক্রিয়া ব্যাখ্যা কর। ৩

ঘ. 'Y' এবং 'Z' এর অন্তর্ভুক্ত গোত্রের মধ্যে সাদৃশ্য এবং বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৮▶ নিচের চিত্র দুটি লক্ষ কর-



ক. ক্যাসপেরিয়ান স্ট্রিপ কী? ১

খ. উদ্ভিদদেহে গ্রাউন্ড টিস্যুতন্ত্রের প্রয়োজনীয়তা কী? ২

গ. নিম্নলিখিত উদ্ভিদ অঙ্গে 'P' এবং 'Q' এর বিন্যাস ব্যাখ্যা কর- ৩

(i) জবার মূল (ii) কুমড়ার কাণ্ড (iii) ফার্নের কাণ্ড। ৩

ঘ. উদ্দীপকের 'O' এবং 'R' এর অভ্যন্তরীণ গঠনগত পার্থক্য বিশ্লেষণ কর। ৪

পাবনা ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 8

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

- ১ ▶ রাফসান কয়েকদিন যাবৎ উচ্চ জ্বর, পেশি ব্যথা এবং মাথা ব্যথায় ভুগছে। তাকে ডাক্তার বলেছিল যে, তার প্লাটিলেট কমে গেছে এবং অবশ্যই হাসপাতালে ভর্তি হতে হবে।
- ক. হেপাটিক সাইজোগনি কী? ১
- খ. ব্যাকটেরিয়ার অযৌন জনন বলতে কী বুঝ? ২
- গ. চিত্রের সাহায্যে বর্ণিত রোগের অণুজীব কীভাবে সংখ্যায় বৃদ্ধি পায় তা বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত রোগটি কোভিড-১৯ রোগটি অপেক্ষা ভিন্নধর্মী- ব্যাখ্যা কর। ৪
- ২ ▶ উদ্দীপকটি লক্ষ কর-
- মেরিস্টেম, সোম্যাটিক ক্রমজনিত, প্রোটোপ্লাস্ট
কালচার, মাইক্রোপ্রোপাগেশন

X
- ক. ট্রান্সজেনিক উদ্ভিদ কী? ১
- খ. প্লাজমিড বলতে কী বুঝ? ২
- গ. X-এর সাথে জড়িত সাধারণ পদ্ধতিটি চিত্রসহ বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রক্রিয়া দ্বারা মানবজাতি কীভাবে উপকৃত হতে পারে তা বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ নিচের উদ্দীপকটি পড় :
- P = ওকাজাকি খণ্ড
- ক. কোডন কী? ১
- খ. সমাপ্তি এবং শুরু কোডন বলতে কী বুঝ? ২
- গ. কীভাবে প্রক্রিয়াটিতে 'P' তৈরি হয় বর্ণনা কর। ৩
- ঘ. যেখানে 'P' তৈরি হয় সেই প্রক্রিয়াটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪
- ৪ ▶ একটি সজীব উদ্ভিদের এপিডার্মাল টিস্যু বাইরের জগৎ থেকে অন্যান্য টিস্যুগুলোকে রক্ষা করে। ভাজক টিস্যু উদ্ভিদের নির্দিষ্ট অঞ্চলে পাওয়া যায়।
- ক. সংযুক্ত ভাস্কুলার বাউল কী? ১
- খ. বহিঃস্টিলীয় অঞ্চল বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত ১ম লাইন সম্পর্কে আলোচনা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত শেষ লাইনটি ব্যাখ্যা কর। ৪
- ৫ ▶ ইন্টারফেরন একটি জীবন রক্ষাকারী রাসায়নিক যৌগ যা সংক্রমণের সময় প্রাকৃতিকভাবে উৎপাদিত হয়। উন্নত প্রযুক্তি ব্যবহার করে পরীক্ষাগারে ইন্টারফেরন তৈরি করা হচ্ছে।
- ক. DNA ফিঙ্গারপ্রিন্ট কী? ১
- খ. জিনোম সিকোয়েন্সিং বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত শেষ লাইনটি চিত্রসহ বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত রাসায়নিক পদার্থটি কীভাবে মানুষকে সহায়তা করে তা ব্যাখ্যা কর। ৪
- ৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর-
- 

প্রক্রিয়া-X
- ক. ক্লোরোপ্লাস্টের রাসায়নিক গঠন কী? ১
- খ. ফটোসিস্টেম বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত 'X' প্রক্রিয়াটি চিত্রসহ আলোচনা কর। ৩
- ঘ. যদি 'X' প্রক্রিয়াটি বন্ধ হয়ে যায় তবে পৃথিবী ধ্বংস হয়ে যাবে- বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ উদ্দীপকটি পড়-
- A = পত্ররঞ্জ
- B = লুনডেগর-এর মতবাদ
- ক. জ্যাছোফিল এর রং কী? ১
- খ. ক্রাজ অ্যানাটমি বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত 'A' খোলার প্রক্রিয়া সম্পর্কে আলোচনা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত 'B' সম্পর্কে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ জীববিজ্ঞান ক্লাসে ফারহান জানতে পেরেছিল যে, ধানের গ্লুকোজ উৎপাদন প্রক্রিয়া ইক্ষুর চেয়ে আলাদা।
- ক. ফটোলাইসিস কী? ১
- খ. ফটোরেসপিরেশন বলতে কী বুঝ? ২
- গ. একটি সজীব কোষে উল্লেখিত উপাদানটি ভাস্কার প্রথম পর্যায়টি সংক্ষিপ্ত আকারে বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত ঘটনাটি বিশ্লেষণ কর। ৪

ঝিনাইদহ ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 8

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

- ১▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—
- $P \rightarrow \overset{-}{Q} \text{ উবু } \overset{+}{v} \text{ (e) } \overset{-}{d} \text{ পুং } \overset{+}{g} \text{ (e)}$
- $Q \rightarrow \text{মপ. } \overset{+}{Q} \% \text{ পুং } \overset{+}{g} \text{ (e) } \overset{+}{g} \text{ (e)}$
- ক. নগ্নবীজী উদ্ভিদ কী? ১
- খ. পুষ্পপত্রবিন্যাস বলতে কী বুঝ? ২
- গ. গোত্র 'P' এর শনাক্তকারী বৈশিষ্ট্যগুলো লেখ। ৩
- ঘ. গোত্র 'P' এবং 'Q' এর অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪
- ২▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—
- রোগ A- পৈঁপের রিং স্পট
- রোগ B- ধান গাছের ব্লাইট রোগ
- ক. প্রাইমার কী? ১
- খ. উপরের রোগগুলো কীভাবে সঞ্চারিত হয়? ২
- গ. উপরোক্ত রোগগুলোর লক্ষণগুলো লেখ। ৩
- ঘ. একজন কৃষক কীভাবে তার মাঠকে উপরের রোগগুলো থেকে রক্ষা করতে পারে। ৪
- ৩▶ ম্যালেরিয়া পরজীবীর দুটি পোষকের প্রয়োজন, তাদের অযৌন এবং যৌন জীবনচক্র সম্পন্ন করার জন্য একটি মেরুদণ্ডী এবং অন্যটি অমেরুদণ্ডী পোষকের প্রয়োজন হয়।
- ক. মেটাকাইনেসিস কী? ১
- খ. নিবেশিত (ইন্টারক্যালারিভ) ভাজক টিস্যু এবং পার্শ্বীয় ভাজক টিস্যুর মধ্যে পার্থক্য লেখ। ২
- গ. উদ্দীপকে উল্লেখিত চক্র দুটির মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৩
- ঘ. পরজীবী মেরুদণ্ডী প্রাণীর কোন অঙ্গে অযৌন চক্র সম্পন্ন করে? ব্যাখ্যা কর। ৪
- ৪▶ নিচের প্রক্রিয়া দুটি লক্ষ কর—
- প্রক্রিয়া A- যার মাধ্যমে পুরাতন (মাতৃ DNA) DNA থেকে নতুন DNA (অপত্য DNA) সৃষ্টি করে।
- প্রক্রিয়া B- যার মাধ্যমে DNA থেকে mRNA সৃষ্টি করে।
- ক. বান্ডল ক্যাপ (গুচ্ছ টুপি) কী? ১
- খ. ভাইরাস জীবিত, নাকি জীবিত নয়? তোমার মন্তব্য দাও। ২
- গ. উপরোক্ত প্রক্রিয়া দুটির মধ্যে পার্থক্য উল্লেখ কর। ৩
- ঘ. উদাহরণসহ উপরের নিউক্লিয়িক এসিডগুলোর জেনেটিক কোডের বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৪
- ৫▶ উদ্ভিদগুলোতে কার্বন ডাইঅক্সাইড পত্ররন্ধ্র নামক ছিদ্রগুলোর মাধ্যমে পাতার প্রবেশ করে এবং ক্লোরোপ্লাস্টের স্ট্রোমাটে ছড়িয়ে পড়ে যেখানে ক্যালভিন চক্রের মাধ্যমে শর্করা সংশ্লেষিত হয়। এই প্রতিক্রিয়াগুলোকে আলোক নিরপেক্ষ পর্যায়ও বলা হয় কারণ এগুলো সরাসরি আলো দ্বারা চালিত হয় না।
- ক. অভিস্রবণ কী? ১
- খ. সারসিনেট ভার্শন বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকে উল্লেখিত চক্রটি বর্ণনা কর। ৩
- ঘ. হ্যাচ ও স্ল্যাক চক্রের সাথে উল্লেখিত চক্রটির পার্থক্য উল্লেখ কর। ৪
- ৬▶ মিয়োসিস প্রক্রিয়ায় ক্রসিং ওভার ঘটে এবং জীবজগতে বৈচিত্র্য আসে। এছাড়া মিয়োসিস প্রক্রিয়া হ্যাপ্লয়েড এবং ডিপ্লয়েড জীবগুলোতে ক্রোমোসোম সংখ্যা ধ্রুবক রাখতে সহায়তা করে।
- ক. ইমার্জিং ভাইরাস কী? ১
- খ. মাইটোসিস অ্যানাফেজ এবং মিয়োসিস অ্যানাফেজ-১ এর মধ্যে পার্থক্য উল্লেখ কর। ২
- গ. উপরের প্রক্রিয়াটি ব্যাখ্যা কর— যার মাধ্যমে বৈচিত্র্য ঘটে? ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত কোষ বিভাজন হ্যাপ্লয়েড ও ডিপ্লয়েড জীবকোষে কীভাবে ক্রোমোসোম সংখ্যা ধ্রুবক রাখে— ব্যাখ্যা কর। ৪
- ৭▶ যখন নোরা এবং সাফা ল্যাবরেটরিতে উদ্ভিদ অংশের দুটি প্রস্থচ্ছেদ পর্যবেক্ষণ করেছিলেন, শিক্ষক নোরাকে বললেন— পর্যবেক্ষণ কর, ভাস্কুলার বান্ডলটি অরীয় এবং সংখ্যায় সাতটি। তিনি সাফাকে আরো বললেন, পর্যবেক্ষণ কর, ভাস্কুলার বান্ডলগুলো ভিত্তি টিস্যুতে বিক্ষিপ্তভাবে ছড়ানো।
- ক. ক্যাম্বিয়াম কী? ১
- খ. স্টিলি বলতে কী বুঝ? ২
- গ. নোরার পর্যবেক্ষণকৃত উদ্ভিদের প্রস্থচ্ছেদের একটি চিহ্নিত চিত্র অঙ্কন কর। ৩
- ঘ. সাফা উদ্ভিদের কোন অংশটি পর্যবেক্ষণ করেছিল? কারণসহ বিশ্লেষণ কর। ৪
- ৮▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—
- A- জাইলেম এবং ফ্লোয়েমের বান্ডল।
- B- মাইটোসিসের একটি পর্যায় যেখানে ক্রোমোসোমীয় নৃত্য দেখা যায়।
- ক. সেন্ট্রোল ডগমা কী? ১
- খ. ম্যালেরিয়া পরজীবীর সংক্রমণের কারণে জ্বর হয় কেন? ২
- গ. উপরের বান্ডলটির বিভিন্ন ধরন দেখানোর জন্য একটি চিহ্নিত চিত্র অঙ্কন কর। ৩
- ঘ. উপরে উল্লেখিত 'B' পর্যায়টি ব্যাখ্যা কর। ৪

কুমিল্লা ক্যাডেট কলেজ

বিষয় কোড : 178

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

১▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—



- ক. স্প্লাইসিং কী? ১
খ. গলজি বডিকে কোষের ট্রাফিক পুলিশ বলা হয় কেন? ২
গ. 'Y' প্রক্রিয়াটি আলোচনা কর। ৩
ঘ. আদিকোষ ও প্রকৃতকোষে Y প্রক্রিয়ায় বৈসাদৃশ্য পরিলক্ষিত হয়। বিশ্লেষণ কর। ৪

২▶ শিক্ষক কোষ বিভাজন নিয়ে আলোচনা করেছিলেন, যা গ্যামেট উৎপাদনের জন্য দায়ী। এই ধরনের কোষবিভাজন অনেক দীর্ঘস্থায়ী এবং জটিল। এটি দুটি পর্যায়ে বিভক্ত। প্রথম পর্যায়ে একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া, যেখানে জিনের বিনিময় হয়।

- ক. জাইগোটিক মিয়োসিস কী? ১
খ. প্রাস্তীয়করণ বর্ণনা কর। ২
গ. গুরুত্বপূর্ণ প্রক্রিয়াটি যেখানে ঘটে তার উপপর্যায়টি আলোচনা কর। ৩

৩▶ রবি এবং নাস্টম অস্বাস্থ্যকর পরিবেশে বাস করে। উভয়ই জ্বর এবং শারীরিক দুর্বলতায় ভুগছে। নিচে তাদের রক্ত পরীক্ষার ফলাফল দেওয়া হলো—


রবি	HBsAg Positive
নাস্টম	Haemolysin Present

- ক. ক্যাপসোমিয়ার কী? ১
খ. প্লাজমাথেরাপি বলতে কী বুঝ? ২
গ. অণুজীবের যে চক্রটি নাস্টমের রক্তে ঘটে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. রবির রোগের নিয়ন্ত্রণ এবং প্রতিরোধমূলক ব্যবস্থা নিয়ে আলোচনা কর। ৪

৪▶ মজিদ মিয়া একজন কৃষক। তার একটি পেঁপের বাগান এবং একটি ধানখেত আছে। তার পেঁপে গাছ Melon Aphid এবং Peach Aphid বাহক দ্বারা আক্রান্ত হয়েছিল, এছাড়া তার ধানখেতও এক ফ্লাজেলাবিশিষ্ট, গ্রাম-নেগেটিভ অণুজীব দ্বারা আক্রান্ত হয়েছিল।

- ক. Obligate anaerobes কী? ১
খ. ব্যাকটেরিয়ার কোষ প্রাচীরের গঠন বর্ণনা কর। ২
গ. পেঁপে গাছের রোগের নিয়ন্ত্রণ ব্যবস্থা নিয়ে আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের দুটি কার্যকরক অণুজীবের মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫▶ নিচের চিত্রটি লক্ষ কর—



চিত্র Z

- ক. ইমব্রিকেট এস্টিভেশন কী? ১
খ. Cycas এর মাইক্রোস্পোরোফিল বর্ণনা কর। ২
গ. চিত্র-Z এর পুষ্পবিন্যাস ব্যাখ্যা কর। ৩
ঘ. চিত্র-Z এর গোত্রের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৬▶ জীববিজ্ঞান ব্যবহারিক ক্লাসে শরীফ এবং আবির পরীক্ষা করছিলেন। শরীফ এর নমুনা ছিল কচু গাছের মূল এবং আবির এর নমুনা ছিল ভুট্টা গাছের কাণ্ড। আর তাদের নমুনাগুলিতে অনেক শারীরবৃত্তীয় পার্থক্য খুঁজে পেয়েছিল।

- ক. প্রোক্যাম্বিয়াম কী? ১
খ. হাইডাথোড বর্ণনা কর। ২
গ. আবির এর নমুনাটিতে কোন ধরনের ভাস্কুলার বাউন্ডল দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শেষ লাইনটি বিশ্লেষণ কর। ৪

৭▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—



- ক. ফটোলাইসিস কী? ১
খ. ইস্কুকে C₄ উদ্ভিদ বলা হয় কেন? ২
গ. সাইটোপ্লাজমে সংঘটিত ছক আকারে উদ্দীপকের প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উপরের প্রক্রিয়াটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৮▶ জনাব জাকির ডায়াবেটিসের চিকিৎসার জন্য একজন ডাক্তারের শরণাপন্ন হন। ডাক্তার তাকে মানব অগ্ন্যাশয় থেকে জিন গ্রহণ করে জীবপ্রযুক্তির মাধ্যমে উৎপাদিত হয় এমন এক ধরনের হরমোন নেওয়ার পরামর্শ দেন।

- ক. GMO কী? ১
খ. জিনোম সিকোয়েন্সিং বলতে কী বুঝায়? ২
গ. জনাব জাকিরের প্রতি ডাক্তারের পরামর্শকৃত হরমোন তৈরির প্রযুক্তিটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রযুক্তিটি কৃষিকাজেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— বিশ্লেষণ কর। ৪

ফৌজদারহাট ক্যাডেট কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 178

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

১▶ উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নের উত্তর দাও—

ডায়াকাইনেসিস



- ক. নিম্ন শ্রেণির উদ্ভিদে কোথায় মিয়োসিস ঘটে? ১
খ. ট্রান্সক্রিপশন প্রক্রিয়া বলতে কী বুঝ? ২
গ. উপরের চিত্রে সংঘটিত প্রক্রিয়াটি বর্ণনা কর। ৩
ঘ. জীবিত জীবে উপরের উল্লেখিত চিত্রের বিভিন্ন ভূমিকা বিশ্লেষণ কর। ৪

- ২▶ সালোকসংশ্লেষণ সবুজ উদ্ভিদের একটি অন্যান্য শারীরবৃত্তীয় প্রক্রিয়া। এটি গ্লুকোজ এবং অক্সিজেন তৈরির জন্য ক্লোরোপ্লাস্টে ঘটে। কিন্তু সব উদ্ভিদে গ্লুকোজ তৈরি করার প্রক্রিয়া এক নয়। বিজ্ঞানীরা পর্যবেক্ষণ করে ক্যালভিন-ব্যাশাম এবং হ্যাচ ও স্ল্যাক গ্লুকোজ উৎপাদনের জন্য দুটি পৃথক সিস্টেমের প্রস্তাব করেছিলেন।
ক. প্রস্বেদন বলতে কী বুঝ? ১
খ. পানি এবং খনিজ লবণ পরিশোধনের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. ক্যালভিন চক্রটি ছক আকারে দেখাও। ৩
ঘ. সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় কীভাবে ATP, NADPH₂ এবং O₂ তৈরি হয়— বিশ্লেষণ কর। ৪


৩▶ উদ্দীপকটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও—



- ক. মেগাস্পোরোফিল কী? ১
খ. নগ্নবীজী উদ্ভিদের চারিত্রিক বৈশিষ্ট্যগুলো লেখ। ২
গ. উপরের চিত্রটি অঙ্কন কর এবং চিহ্নিত কর। ৩
ঘ. উপরের গোত্রের সদস্যদের বর্ণনা কর, যা আমাদের জীবনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ৪

- ৪▶ ম্যালেরিয়া সাধারণত সংক্রামিত মশার কামড়ের মাধ্যমে ছড়ায়। যখন এই মশা তোমাকে কামড়ায়, পরজীবীটি তোমার রক্তপ্রবাহে প্রবাহিত হয়। পরজীবীগুলো একবার তোমার দেহের অভ্যন্তরে প্রবেশ করলে তারা যকৃতে গমন করে, যেখানে তারা পরিপকু হয়। বেশ কয়েক দিন পরে, পরিপকু পরজীবী রক্তপ্রবাহে প্রবেশ করে এবং লোহিত রক্ত কণিকাকে সংক্রামিত করতে শুরু করে।
ক. হেপাটিক সাইজোগনি কী? ১
খ. অ্যামিবিয়ড ট্রফোজয়েট বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত রোগটির লক্ষণগুলি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত পরজীবীতে পরিলক্ষিত যৌন চক্রটি কল্পনা কর (অথবা চিত্র অঙ্কন কর)। ৪

৫▶ উদ্দীপকটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও—




চিত্র : A

- ক. ব্যাকটেরিওফায় কী? ১
খ. প্লাজমিড বলতে কী বুঝ? ২
গ. চিত্র : A জীব নাকি জড়? তোমার মন্তব্য দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত জীবটির সংখ্যাবৃদ্ধি প্রক্রিয়াটি বিশ্লেষণ কর। ৪

৬▶ রাসায়নিক বিক্রিয়াটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও—

- $C_6H_{12}O_6 + 6O_2 \rightarrow 6CO_2 + 6H_2O + 38 ATP$
ক. আন্তীকরণ শক্তি কী? ১
খ. গ্লাইকোলাইসিস বলতে কী বুঝ? ২
গ. উপরের বিক্রিয়াটি অক্সিজেনের অনুপস্থিতিতে কী ঘটবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উপরের প্রক্রিয়াটি উদ্ভিদ ও প্রাণীর জীবনে কী ভূমিকা পালন করে— বিশ্লেষণ কর। ৪

৭▶ উদ্দীপকটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও—



- ক. পরিচক্র কী? ১
খ. একবীজপত্রী উদ্ভিদের মূলের শনাক্তকারী বৈশিষ্ট্যগুলোর লেখ। ২
গ. উপরে উল্লেখিত চিত্রের M, O এবং N এর বৈশিষ্ট্যগুলো আলোচনা কর। ৩
ঘ. উদ্ভিদের জীবনে M এবং N এর ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—

এক্সপগনাক্ট নির্বাচন → [B] → [C] → [D] →

ক্যালাস সৃষ্টি

- ক. জিন ক্লোনিং কী? ১
খ. রিকম্বিনেন্ট DNA প্রস্তুত করার ধাপগুলো লেখ। ২
গ. উদ্দীপকে উল্লেখিত ক্রমটি সম্পূর্ণ কর এবং এটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উপরের প্রযুক্তিটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

ঢাকা কলেজ

বিষয় কোড : 178

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।


যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

১▶ নিচের চিত্রটি লক্ষ কর-



- ক. জিন কী? ১
খ. জেনেটিক কোডের বৈশিষ্ট্য লেখ। ২
গ. উদ্দীপকে উল্লেখিত A এর গঠন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত B উৎপাদনের প্রক্রিয়া - বিশ্লেষণ কর। ৪

২▶ নিচের চিত্র দুটি লক্ষ কর-




- ক. টার্মিনাল মিয়োসিস কী? ১
খ. কোষ চক্র বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপক 'ক' ও 'খ' এর মধ্যে পার্থক্য লেখ। ৩
ঘ. জীবনের ধারাবাহিকতা রক্ষায় উদ্দীপক 'ক' ও 'খ' এর মধ্যে কোনটির অবদান বেশি এবং কেন তা আলোচনা কর। ৪
- ৩▶ A- আদি কোষী, জড় কোষ প্রাচীর বিশিষ্ট, আণুবীক্ষণিক জীব।
B- অকোষীয়, অতি-আণুবীক্ষণিক ও বাধ্যতামূলক পরজীবীয় বস্তু।
- ক. সায়ানোফায় কী? ১
খ. মেরোজাইগোট বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে উল্লেখিত A এর গঠন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত A এর অনুপস্থিতিতে B সংখ্যা বৃদ্ধিতে অক্ষম - বিশ্লেষণ কর। ৪

৪▶ মুহিন স্যার ব্যবহারিক ক্লাসে ছাত্রদের দুই প্রকার উদ্ভিদের বৈশিষ্ট্য দেখালেন। প্রথম প্রকার উদ্ভিদের বীজ অনাবৃত অবস্থায় থাকে এবং দ্বিতীয় প্রকার উদ্ভিদের বীজ আবৃত থাকে। ছাত্ররা ক্লাসে উভয় উদ্ভিদের মধ্যে মিল ও অমিল লক্ষ্য করলো।

- ক. পুষ্প সংকেত কী? ১
খ. *Cycas* কে কেন জীবন্ত জীবাশ্ম বলা হয়? ২
গ. উদ্দীপকের দ্বিতীয় প্রকার উদ্ভিদের বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রথম প্রকার উদ্ভিদের অর্থনৈতিক গুরুত্ব অপরিসীম - ব্যাখ্যা কর। ৪

৫▶ নিচের চিত্র দুটি লক্ষ কর-




চিত্র : X



চিত্র : Y


- ক. বুলিফর্ম কোষ কী? ১
খ. স্টিলি বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে উল্লেখিত চিত্র Y এর শিরাবিন্যাস যে উদ্ভিদে দেখা যায়, সেই উদ্ভিদের কাণ্ডের অন্তর্গঠন চিত্রসহ লেখ। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখিত চিত্র X যে কোষগুচ্ছকে নির্দেশ করে, তা অবস্থান ভেদে ভিন্ন কাজ করে উপযুক্ত চিত্রসহ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬▶ নিচের চিত্র দুটি লক্ষ কর-




- ক. সালোকসংশ্লেষণের লিমিটিং ফ্যাক্টর কাকে বলে? ১
খ. ক্রেবস চক্রকে TCA বলার কারণ কী? ২
গ. X হতে Y অবস্থায় উপনীত হওয়ার ক্ষেত্রে আধুনিক মতবাদটি বর্ণনা কর। ৩
ঘ. X হতে Y অবস্থা প্রাপ্ত হওয়া একদিকে যেমন প্রয়োজনীয় তেমনি কিছু ক্ষেত্রে তা ক্ষতিরও কারণ - ব্যাখ্যা কর। ৪

৭▶ নিচের চিত্রটি লক্ষ কর-



- ক. SIT কী? ১
খ. জিনক্রোনিং বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের প্রযুক্তিটির সচিত্র বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রযুক্তিটির বিকাশের সাথে স্বাস্থ্য নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে ব্যাখ্যা কর। ৪

৮▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর-



Pyruvic Acid

(২ অণু)

- ক. প্রস্বেদন কী? ১
খ. কেলভিন চক্রকে C_4 চক্র বলার কারণ কী? ২
গ. উদ্দীপকে উল্লেখিত প্রক্রিয়াটির শক্তির হিসাব প্রদান কর। ৩
ঘ. কিছু জীবের ক্ষেত্রে উদ্দীপকে উল্লেখিত প্রক্রিয়াটির উপর ক্রেবস চক্র নির্ভরশীল উক্তিটি বিশ্লেষণ কর। ৪

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 7 8

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

- ১▶ X → বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক
Y → হাইড্রোলাইটিক এনজাইমের আধার
ক. টনোপ্লাস্ট কী? ১
খ. জেনেটিক কোড বলতে কী বুঝায়? ২
গ. সেন্ট্রোমিয়ারের অবস্থান অনুযায়ী উদ্দীপকের X-এর প্রকারভেদ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের Y এর গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

- ২▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—

হ্রাসমূলক বিভাজন (প্রোফেজ-১)




- ক. মেটাকাইনেসিস কী? ১
খ. প্লাজমোডেজমাটা বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের P ধাপের চিহ্নিত চিত্রসহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রক্রিয়াটি জীবজগতের বৈচিত্র্যতার জন্য গুরুত্বপূর্ণ – বিশ্লেষণ কর। ৪
- ৩▶ বিভিন্ন ধরনের অণুজীবের মধ্যে একটি হলো ব্যাঙাচি আকৃতির, অকোষীয় এবং অন্যটি হলো আদিকোষী।
ক. এন্ডোস্পোর কী? ১
খ. ভিরয়েড ও প্রিয়নের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২
গ. প্রথম অণুজীবটি কীভাবে দ্বিতীয় অণুজীবটিকে ধ্বংস করে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের দ্বিতীয় অণুজীবটি কৃষিক্ষেত্রে গুরুত্বপূর্ণ – বিশ্লেষণ কর। ৪
- ৪▶ এক ধরনের পরজীবী মশকীর মাধ্যমে মানবদেহে ম্যালেরিয়া নামক জ্বররোগ হয়।
ক. জীবন্ত জীবাশ্ম কী? ১
খ. কোরালয়েড মূল বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের জীবাণু কীভাবে মানুষের লোহিত রক্তকণিকা ধ্বংস করে, তা চিহ্নিত চিত্রের সাহায্যে দেখাও। ৩
ঘ. উদ্দীপকের অণুজীবটির জীবনচক্রে জনুক্রম বিদ্যমান – বিশ্লেষণ কর। ৪
- ৫▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—

গোত্র	বৈশিষ্ট্য	
A		
B		

- ক. পুষ্পপুট কী? ১
খ. ক্যারোটিনয়েডস ও ফাইকোবিলিনস কী? ২
গ. গোত্র A এর শনাক্তকারি বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের গোত্র দুটির মধ্যে বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

- ৬▶ নিচের চিত্র দুটি লক্ষ কর—




সংযুক্ত ভাস্কুলার বান্ডল

A

B

- ক. এক্সার্ক কী? ১
খ. পত্ররন্ধ্র ও পানি-পত্ররন্ধ্রের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. কাণ্ডের ক্ষেত্রে উদ্দীপকের A এর বিভিন্ন প্রকার ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের A এবং B উদ্ভিদের যে যে অংশ বিদ্যমান তাদের অন্তর্গঠনগত বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪
- ৭▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর—
- গ্লুকোজ → এনজাইম → পাইরুভিক অ্যাসিড
- ক. P.Q কী? ১
খ. ফটোসিন্থেসিস বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকের প্রক্রিয়াটি প্রবাহচিত্রের মাধ্যমে দেখাও। ৩
ঘ. উদ্দীপকের বিক্রিয়া যে দুটি প্রক্রিয়ার প্রথম ধাপ তাদের মধ্যকার বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

- ৮▶ নিচের চিত্রটি লক্ষ কর—



- ক. জিনোম কী? ১
খ. কীভাবে হ্যাঙ্গুয়েড উদ্ভিদ উৎপন্ন করা যায়? ২
গ. উদ্দীপকের চিত্রটি তৈরির বিভিন্ন ধাপ চিহ্নিত চিত্রের মাধ্যমে দেখাও। ৩
ঘ. কৃষিক্ষেত্রে উদ্দীপকটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

হলি ক্রস কলেজ, ঢাকা

বিষয় কোড : 178

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

জীববিজ্ঞান প্রথম পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।]

- ১ ▶ রিনির শিক্ষক ক্লাসে বললেন A মাইটোসিস কোষ বিভাজনের একটি বিশেষ ধাপ যাতে নিউক্লিয়ার মেমব্রেনের বিলুপ্তি শুরু হয়। প্রতিটি ক্রোমোসোম এর B অংশ ব্যতীত লম্বালম্বি বিভক্ত হয়। তিনি আরও বললেন B এর অবস্থানের উপর ভিত্তি করে ক্রোমোসোমের বিভিন্ন ধরন দেখা যায় যারা মাইটোসিস বিভাজনের একটি দশায় বিশেষ ধরনের আকৃতি ধারণ করে।

- ক. সিন্যাপসিস কাকে বলে? ১
খ. প্রোফেজ-১ এর দীর্ঘস্থায়ী দশার বৈশিষ্ট্যগুলো লেখ। ২
